(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.২৪.০০০০.০০০.০০৩.৭৫.০০০২.২০.৮

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **উচ্চ মাধ্যমিক একাদশ ও সমমান শ্রেণিতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে বিভিন্ন সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত/অধ্যয়নরত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার অনলাইন আবেদন দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অধীন বিভিন্ন সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক একাদশ ও সমমান শ্রেণিতে ভর্তিকৃত/অধ্যয়নরত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান করা হবে।

২। অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০ অনুসারে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে বিভিন্ন সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের উচ্চ মাধ্যমিক একাদশ ও সমমান শ্রেণিতে ভর্তিকৃত/অধ্যয়নরত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীকে ভর্তি সহায়তা প্রাপ্তির জন্য https://www.eservice.pmeat.gov.bd/admission -এ লিংকে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে।

৩। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ওয়েবসাইটের **"ভর্তি সহায়তা"** সেবা বক্সে আপলোডকৃত নির্ধারিত প্রত্যয়ন ফর্ম ডাউনলোড ও প্রিন্ট করে শিক্ষার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত সেই শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে সুপারিশ গ্রহণপূর্বক অনলাইনে আবেদনের সময় এটি আপলোড করতে হবে।

৪। উল্লেখ্য, শিক্ষার্থী অনলাইনে আবেদনের সময়ে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করুন অপশনে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান খুজে না পেলে শিক্ষা প্রতিষ্ঠানটি ট্রাস্টের 'ই-ভর্তি সহায়তা ব্যবস্থাপনা পদ্ধতি' সফটওয়্যারে অন্তর্ভুক্তির লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানকে শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে EIIN ও অন্যান্য তথ্য উল্লেখপূর্বক ব্যাবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং ৪৪, সড়ক নং ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

৫। প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি-আধাসরকারি-স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী ১৩ থেকে ২০তম গ্রেডের কর্মচারীর সন্তানকে আবেদনপত্রের সাথে অফিস প্রধান কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/অভিভাবকের বেতনের গ্রেড সংক্রান্ত প্রত্যয়ন পত্র আপলোড করতে হবে। এছাড়া, অন্যান্য শিক্ষার্থীর ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় দুই লক্ষ টাকার কম মর্মে প্রত্যয়নপত্র আপলোড করতে হবে।

৬। প্রতিবন্ধী শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, ভূমিহীন পরিবারের সন্তান, নদী ভাঙ্গণ পরিবারের সন্তান, অসচ্ছল বীর মুক্তিযোদ্ধার সন্তান, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ এবং দুস্থ পরিবারের সন্তান ভর্তি সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রাপ্তি'র স্বপক্ষে প্রমানপত্র আপলোড করতে হবে।

৭। উচ্চ মাধ্যমিক একাদশ ও সমমান শ্রেণিতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তিকৃত/অধ্যয়নরত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার অনলাইন আবেদনের ক্ষেত্রে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তার নম্বরপত্র অবশ্যই আপলোড করতে হবে।

৮। উল্লেখ্য যে, ভর্তি সহায়তা প্রদানের নিমিত্ত শিক্ষার্থী নির্বাচনের লক্ষ্যে সফটওয়্যারে তথ্য এন্ট্রির ক্ষেত্রে শিক্ষার্থীর আবেদন ফরমে

অভিভাবক/শিক্ষার্থীদের একাউন্ট নম্বর হিসাবে ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় এর আওতাধীন ডাক অধিদপ্তর এর সাথে চুক্তিবদ্ধ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস হিসেবে শুধুমাত্র সচল **'নগদ'** একাউন্ট নম্বর এন্ট্রি করতে হবে।

৯। বর্ণিতাবস্থায়, বিভিন্ন সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের উচ্চ মাধ্যমিক একাদশ ও সমমান শ্রেণিতে **২০২৪-২৫ শিক্ষাবর্ষে** ভর্তিকৃত/ অধ্যয়নরত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিত করণে ভর্তি সহায়তার আবেদনে প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে **০৫ মার্চ ২০২৫ খ্রি. সকাল ০৯:০০ টা থেকে ১০ এপ্রিল ২০২৫ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিট** পর্যন্ত উক্ত লিংক/ই-ভর্তি সহায়তা ব্যবস্থাপনা পদ্ধতি'র মাধ্যমে অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

**সংযুক্তি:**

ক. শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০; এবং
খ. ই-ভর্তি সহায়তা সিস্টেম ব্যবহার নির্দেশিকা।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) দরিদ্র ও মেধাবীর শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০
(২) ই-ভর্তি সহায়তা সিস্টেম ব্যবহার নির্দেশিকা

২৫-০২-২০২৫
মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক
০২-৫৫০০০৪২৮
ad.stipend@pmeat.gov.bd

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পত্রটি প্রেরণের অনুরোধসহ)।

**স্মারক নম্বর:** ৩৭.২৪.০০০০.০০০.০০৩.৭৫.০০০২.২০.৮/১ (১৭)

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
২। সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৪। মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর।
৫। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৬। সকল জেলা প্রশাসক।
৭। সকল কর্মকর্তা, পিএমইএটি/এইচএসপি, ধানমন্ডি, ঢাকা।
৮। অধ্যক্ষ, সংশ্লিষ্ট সকল সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান।
৯। জেলা, শিক্ষা অফিসার (সকল)।
১০। সকল উপজেলা নির্বাহী অফিসার।
১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। সিস্টেম এনালিষ্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
১৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬। ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
১৭। ব্যক্তিগত সহকারী, পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।

২৫-০২-২০২৫
মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক